

গণজাগরণ মঞ্চের হরতাল আজ জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হবে ৪ ঘণ্টা পর

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

প্রকাশক ফয়সল আরেফিন দীপন হত্যার এবং প্রকাশক আহমেদ রশীদ টুটুল, কবি তারেক রহিম ও রূপার রণদীপম বসুকে হত্যাকাণ্ডের প্রতিবাদে আজ মঙ্গলবার ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আধা বেলা হরতাল পালন করবে গণজাগরণ মঞ্চ। এ জন্য আজ অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা সকাল ১০টার পরিবর্তে চার ঘণ্টা পিছিয়ে বেলা দুইটায় শুরু হবে।

আজ জেএসসিতে ইংরেজি প্রথম পত্র ও জেডিসিতে বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষার অন্যান্য সময়সূচি অপরিবর্তিত থাকবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

অন্য সংগঠনের সমর্থন
গণজাগরণ মঞ্চের ডাকা হরতালে বিভিন্ন রাজনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক ও ছাত্রসংগঠন সমর্থন জানিয়েছে। গণজাগরণ মঞ্চের হরতালে সমর্থন জানিয়েছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)। এ ছাড়া হরতালে সমর্থন দিয়েছে বাংলাদেশ যুব ইউনিয়ন ও উদীচী, উদীচীর সভাপতি কামাল



গণজাগরণ মঞ্চ শাহবাগ এলাকায় গতকাল সন্ধ্যায় মশাল মিছিল বের করে • ছবি: প্রথম আলো

লোহানী ও সাধারণ সম্পাদক প্রবীর সরদার সারা দেশে উদীচীর শিল্পী-কর্মীরা রাজপথে সক্রিয় অবস্থান নেওয়ার আহ্বান জানিয়েছেন।

স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি
রূপার ও প্রকাশক হত্যার বিচারে বার্থ হওয়ায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের পদত্যাগ দাবি করেছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট। গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনে সংবাদ সম্মেলন করে

ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তার এ দাবি জানান। এ সময় দীপন হত্যার বিচারের দাবিতে গণজাগরণ মঞ্চের ডাকা হরতাল সফল করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে সাধারণ সম্পাদক জি এম জিলানী, সহসভাপতি পিটন নন্দী, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের দপ্তর সম্পাদক নাসির উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।